গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-৩)-৬০৮

তারিখঃ ৪ চৈত্র ১৪ ২৪ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভূক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর নিম্নোক্ত শূন্য পদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রম: | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সাঁট লিপিকার কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল: ১২,৫০০-৩০২৩০/-<br>গ্রেড-১১ | ০১টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ২ | হিসাব রক্ষক<br>বেতন স্কেল: ১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড-১২) | ০১ টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩ | কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: ১১০০০-২৭৩০০/-<br>(গ্রেড-১৩) | ০৪ টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাস (বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ২ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) দক্ষতা নিরূপণ পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে। |
| ৪ | অফিস সহকারী<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ টি | (ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় শ্রেণীর উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫ | অফিস সহায়ক<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৪ টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট= | ১১টি | |

শর্তাবলীঃ

১। আগামী ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ই-২৭/এ, আগারগাঁও, পরিসংখ্যান ভবন, ১১ তলা, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীর সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও কারিগরি প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি/জন্ম নিবন্ধন,ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি এবং ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ আবেদন দাখিল করতে হবে।

৩। এ নিয়োগের জন্য বিধি অনুসারে কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৪। আবেদনকারীর বয়স ৩১/০৩/২০১৮ ইং তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। কোটায় বিবেচিত হতে চাইলে আবেদন পত্রের সাথে কোটা সংশ্লিষ্ট প্রমাণপত্র দাখিল করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুকূলে প্রার্থীকে ১-৪ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ১০০/- (একশত) এবং ৫ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ১-১৬০১-০০০১-২০৩১ নং কোডে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। কর্তৃপক্ষ প্রয়োজনানুসারে জনস্বার্থে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবেন।

৮। লিখিত পরীক্ষার ফলাফল পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটের (www.sid.gov.bd) মাধ্যমে (শুধুমাত্র কৃতকার্য প্রার্থীদের) জানিয়ে দেয়া হবে।

৯। প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার আবেদন/পরীক্ষা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারি আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। আবেদনপত্রের খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১১। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম, পত্র যোগাযোগ ঠিকানা উল্লেখপূর্বক ৬.০০ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ৯.৫ × ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ফেরত খাম প্রদান করতে হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনপত্রের নমুনা ফরম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটে (www.sid.gov.bd) পাওয়া যাবে।

১৮/৩/২০১৮

উপ-সচিব
প্রশাসন -২ অধিশাখ

০১ কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে

# চাকরির আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| | | তারিখ: | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|